



অ্যাডিশনাল আইজি, এন্টি টেররিজম ইউনিট (এটিইউ)

ও

ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০২০- ৩০ জুন ২০২১

সন্ত্রাস ও জঙ্গিবাদ একটি বৈশ্বিক সমস্যা। ধর্ম, বর্ণ, সংস্কৃতি এবং রাজনৈতিক প্রেক্ষাপট নির্বিশেষে সকল রাষ্ট্রের জন্য প্রত্যক্ষ/ পরোক্ষ হুমকি। নব্বই দশকের শেষে ধর্মীয় জঙ্গিবাদের উত্থান শুরু হয় এবং এর চূড়ান্ত রূপ দেখতে পাওয়া যায় ২০১৬ সালের ১ জুলাই হলি আর্টিজান বেকারী হামলার অব্যাহিত পর পর। বাংলাদেশ সরকার জঙ্গিবাদকে রুখে দিতে 'জিরো টলারেন্স' নীতি গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ পুলিশের আধুনিক প্রযুক্তি ও গোয়েন্দা তথ্য নির্ভর একটি স্বয়ংসম্পূর্ণ স্বতন্ত্র বিশেষায়িত সংস্থা হিসেবে ২০১৭ সালের ১৯ শে সেপ্টেম্বর এন্টি টেররিজম ইউনিট অনুমোদন লাভ করে।

বিশেষায়িত সংস্থা হিসেবে জঙ্গিবাদ ও সন্ত্রাস মোকাবেলায় আগাম তথ্য সংগ্রহ, গণমাধ্যম ও সোশ্যাল মিডিয়া মনিটরিং, অভিযান পরিচালনা, মামলার তদন্ত, প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে কাউন্টার রেডিক্যালাইজেশন এবং ডির্যাডিক্যালাইজেশনসহ সংশ্লিষ্ট কার্যক্রম পালন করাই এর প্রধান কাজ। ঢাকাস্থ বারিধারায় ৫৮১ জন মঞ্জুরীকৃত জনবলের সহায়তায় এন্টি টেররিজম ইউনিট তার প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করছে। ইতোমধ্যে ১৯শে ডিসেম্বর, ২০১৯ এটিইউ এর বিধিমালা সরকার কর্তৃক অনুমোদন পায় ও গেজেট প্রকাশ করে।

এন্টি টেররিজম ইউনিট এর কার্যক্রমসমূহ:

- জঙ্গিবাদ প্রতিরোধে অনুসন্ধান ও অভিযান পরিচালনা
- ট্যাকটিক্যাল সরঞ্জামাদি সংগ্রহ ও অনুশীলন
- সাইবার অপরাধ ও জঙ্গি অর্থায়ন সনাক্তকরণ এবং মনিটরিংপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ
- আসামী গ্রেফতার, মামলা দায়ের, তদন্ত, নথি সংরক্ষণ, ফলোআপ ও আসামীর প্রোফাইল তৈরী
- জঙ্গিবাদ সম্পর্কে জনসচেতনতা
- প্রিন্ট ও ইলেকট্রনিক কন্টেন্ট প্রস্তুতকরণ ও প্রচার
- প্রশিক্ষণ প্রদান
- স্থাপনা, লজিস্টিকস সাপোর্ট এবং যানবাহন প্রাপ্তি
- তথ্য সংগ্রহ ও বিনিময়
- জিম্মি সংকট মোকাবেলা ও সংকট সমঝোতা কার্যক্রম

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অ্যাডিশনাল আইজি, এন্টি টেররিজম ইউনিট (এটিইউ)

ও

ইসপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ১৯ তারিখে

এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়।

আমি অতিঃ আইজিপি, এন্টি টেররিজম ইউনিট, ঢাকা, ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ হিসাবে অতিঃ আইজিপি, এন্টি টেররিজম ইউনিট, ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে এন্টি টেররিজম ইউনিট, ঢাকাকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

অতিঃ আইজিপি
এন্টি টেররিজম ইউনিট

তারিখ

ইন্সপেক্টর জেনারেল
বাংলাদেশ পুলিশ

তারিখ